



এই পেজের তথ্যগুলো শুধুমাত্র অনুমোদিত আন্তর্জাতিক শিক্ষার্থীদের আগমন ভিসায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য। এটি [শিক্ষার্থী ভিসা](#), [শিক্ষার্থীদের জন্য COVID-19 সম্পর্কে গৃহীত ব্যবস্থা](#) বা [ভ্রমণের ক্ষেত্রে স্ট্যান্ডার্ড ছাড় ও বিধিনিষেধকে](#) প্রতিস্থাপিত করে না।

অস্ট্রেলিয়ায় আপনার ফেরা সম্ভব হতে পারে যদি আপনি অনুমোদিত আন্তর্জাতিক শিক্ষার্থী আগমনের কোনো পরিকল্পনার আওতায় আপনার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত হন।

শিক্ষার্থীদের মনোনয়ন

স্টেট এবং টেরিটরি সরকারগুলো নির্ধারণ করে যে কোন শিক্ষা প্রতিষ্ঠান এবং শিক্ষার্থীরা একটি আন্তর্জাতিক শিক্ষার্থী আগমনের পরিকল্পনায় অংশ নিতে পারে। এর মধ্যে ফিরে আসা শিক্ষার্থীদের জন্য ভ্রমণ এবং কোয়ারেন্টিনের ব্যবস্থাও অন্তর্ভুক্ত রয়েছে।

শিক্ষা প্রতিষ্ঠানগুলো এমন আন্তর্জাতিক শিক্ষার্থীদের শনাক্ত করবে যারা অনুমোদিত পরিকল্পনার আওতায় অস্ট্রেলিয়ায় ফিরে আসতে পারবে। আরো তথ্য জানতে এবং আপনাকে আন্তর্জাতিক শিক্ষার্থী আগমনের কোনো পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা যায় কি না সে ব্যাপারে আলোচনা করতে আপনাকে আপনার শিক্ষা প্রোভাইডারের সাথে যোগাযোগ করতে হবে। আপনার শিক্ষা প্রোভাইডার আপনাকে আরো বেশি পরামর্শ প্রদান করতে পারবেন।

অস্ট্রেলিয়ায় ভ্রমণের জন্য অংশগ্রহণকারী শিক্ষার্থীদের এখনও ভ্রমণজনিত ছাড় প্রাপ্তির প্রয়োজন হবে। সংশ্লিষ্ট স্টেট বা টেরিটরি সরকার আপনার পক্ষ হয়ে এই ছাড় প্রাপ্তির জন্য আবেদন করবে। আপনার ভ্রমণ সংক্রান্ত ছাড় অনুমোদিত হলে আপনার প্রতিষ্ঠান ভ্রমণের বন্দোবস্ত সম্পর্কে পরামর্শ দেবে। আপনার শিক্ষা প্রতিষ্ঠান আপনাকে পরামর্শ না দেওয়া পর্যন্ত আপনার ব্যক্তিগত ভ্রমণ জনিত ছাড় প্রাপ্তির জন্য আবেদন করা এবং আন্তর্জাতিক শিক্ষার্থী আগমনের কোনো পরিকল্পনায় অংশগ্রহণ করতে অস্ট্রেলিয়া ভ্রমণের বন্দোবস্ত করা উচিত হবে না।

ভিসাসমূহ

আন্তর্জাতিক শিক্ষার্থী আগমনের কোনো পরিকল্পনায় অংশ নিতে আপনার অবশ্যই একটি বৈধ [শিক্ষার্থী \(সাবক্লাস 500\) ভিসা](#) থাকতে হবে। ডিপার্টমেন্ট ফিরে আসা প্রক্রিয়ার অংশ হিসেবে শিক্ষার্থী ভিসার প্রক্রিয়াকরণে অগ্রাধিকার দিতে অক্ষম। [বর্তমান প্রক্রিয়াকরণের সময় জানার জন্য](#) আমাদের ওয়েবসাইট দেখুন।

অস্ট্রেলিয়ায় প্রবেশের জন্য কোনো ন্যূনতম ভিসার মেয়াদের প্রয়োজন নেই, তবে অস্ট্রেলিয়ায় আপনার ভ্রমণে বিলম্ব হয়ে থাকলে আপনার ভিসায় পর্যাপ্ত মেয়াদ থাকা উচিত। আপনি ভিসা ছাড়া আপনার নির্ধারিত ফ্লাইটে উঠতে পারবেন না।

আপনার ভিসার বিস্তারিত যাচাই করতে, দেখুন [ভিসার অধিকার যাচাইকরণ অনলাইন \(Visa Entitlement Verification Online, VEVO\)](#)।

আপনি যদি আপনার বিদ্যমান শিক্ষার্থী ভিসায় অস্ট্রেলিয়ায় ভ্রমণ করেন এবং আপনি বাইরে থাকাকালীন একটি নতুন ভিসার আবেদন জমা দিয়ে থাকেন, তবে আপনি ব্রিজিং ভিসা A-এর জন্য আবেদন করতে পারবেন। আপনি [ImmiAccount](#)-এর মাধ্যমে একটি ব্রিজিং ভিসার জন্য আবেদন করতে পারবেন।

আপনি যদি অস্ট্রেলিয়ায় আরও কোনো শিক্ষার্থী ভিসার জন্য আবেদন করতে চান তবে আপনাকে অবশ্যই সাধারণ [যোগ্যতার শর্তসমূহ](#) পূরণ করতে হবে। আপনি [ImmiAccount](#)-এর মাধ্যমে একটি নতুন শিক্ষার্থী ভিসার জন্য আবেদন করতে পারেন।

ভ্রমণ সংক্রান্ত ছাড়সমূহ

অনুমোদিত আন্তর্জাতিক শিক্ষার্থীদের আগমনের পরিকল্পনার আওতায় অস্ট্রেলিয়ায় ফিরে আসার জন্য মনোনীত আন্তর্জাতিক শিক্ষার্থীরা অস্ট্রেলিয়ায় বর্তমান ভ্রমণ বিধিনিষেধ থেকে ছাড় প্রাপ্ত নয়।

অস্ট্রেলিয়া ভ্রমণের অনুমতি পাওয়ার জন্য আপনার ভ্রমণ সংক্রান্ত ছাড়ের প্রয়োজন হবে। আপনি যদি কোনো স্টেট বা টেরিটরি সরকারের অনুমোদিত কোনো পরিকল্পনায় মনোনীত হন, তবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আপনার পক্ষ হয়ে ভ্রমণ সংক্রান্ত ছাড়ের জন্য আবেদন করবে।

অনুমোদিত আন্তর্জাতিক শিক্ষার্থীদের আগমনের পরিকল্পনার সাথে যুক্ত ভ্রমণ সংক্রান্ত ছাড়ের প্রক্রিয়া সম্পর্কিত আরও প্রয়োজনীয় বিস্তারিত তথ্য সরবরাহ করা হবে। নির্দেশ না দেওয়া পর্যন্ত অনুগ্রহ করে অন্তর্মুখী ভ্রমণ সংক্রান্ত ছাড়ের জন্য আবেদন করবেন না।

অস্ট্রেলিয়া ভ্রমণ সংক্রান্ত ঘোষণা

আপনার অস্ট্রেলিয়ার উদ্দেশ্যে যাত্রা শুরু হওয়ার কমপক্ষে 72 ঘণ্টা পূর্বে আপনাকে অনলাইনে একটি [অস্ট্রেলিয়ান ভ্রমণ সংক্রান্ত ঘোষণাপত্র](#) পূরণ করতে হবে।

অস্ট্রেলিয়া ভ্রমণ ঘোষণাপত্রটি অস্ট্রেলিয়ায় আপনার সাথে যোগাযোগের বিস্তারিত তথ্য, বিমানের বিস্তারিত তথ্য, কোয়ারেন্টিনের শর্তাবলী এবং আপনার স্বাস্থ্যের অবস্থা সম্পর্কিত তথ্য সংগ্রহ করে।

অস্ট্রেলিয়া ভ্রমণ সংক্রান্ত ঘোষণাপত্রটি পূরণ করার পর আপনি বিস্তারিত তথ্যসহ একটি ইমেইল পাবেন (ইলেক্ট্রনিকভাবে বা মুদ্রিত) যেটি আপনার বিমানে ওঠার পূর্বে এবং অস্ট্রেলিয়ায় আগমনের সময় প্রদর্শন করতে পারবেন।

ভিসার শর্তসমূহ

আপনার অধ্যয়নের সময়কালে নিজের ভরণপোষণের জন্য আপনার পর্যাপ্ত তহবিল থাকতে হবে। আপনি অস্ট্রেলিয়ান সরকারের আর্থিক সহায়তার জন্য যোগ্য হবেন না।

অস্ট্রেলিয়ায় বর্তমান অর্থনৈতিক অবস্থার পরিপ্রেক্ষিতে খণ্ডকালীন কাজ খুঁজে পেতেও আপনার সমস্যা হতে পারে। আপনার ভিসার সাথে [সম্পর্কিত কাজের শর্তাবলী](#) বোঝা জরুরি।

অস্ট্রেলিয়ায় আপনার থাকার সময়কালের জন্য আপনার এবং আপনার সাথে আসা পরিবারের যেকোনো সদস্যের অবশ্যই [পর্যাপ্ত স্বাস্থ্য বিমা](#) থাকতে হবে এবং বজায় রাখতে হবে। শিক্ষার্থীদেরকে অবশ্যই কোনো অনুমোদিত অস্ট্রেলিয়ান স্বাস্থ্য বিমা প্রোভাইডারের দ্বারা [বিদেশী শিক্ষার্থীদের স্বাস্থ্য সুরক্ষা \(Overseas Student Health Cover, OSHC\)](#)-এর আওতাভুক্ত হতে হবে যদি না কোনো [ব্যতিক্রমী](#) পরিস্থিতি প্রযোজ্য না হয়ে থাকে।